**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের যুবাদের সঙ্গে নিয়ে ২০৪৭ সালের মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির স্বপ্নের বিকশিত ভারতের দিকে এগিয়ে চলছে রাজ্য সরকার।**

**(২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন ভারতের প্রতিরক্ষা সক্ষমতা বিশ্বের নজর কেড়েছে ।**

**(৩) বাংলাদেশে হিন্দু সহ সমস্ত সম্প্রদায়ের নিরাপত্তা সুনিশ্চিত করতে এবং তাদের ধর্মীয় স্থানগুলি সুরক্ষার জন্য ভারত সরকার/বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানিয়েছে ।**

**(৪) রাজ্যের দৃষ্টিহীন অ্যাথলেটিক্সরা গুয়াহাটি আন্তর্জাতিক স্টেডিয়ামে অনুষ্ঠিত জাতীয় প্যারা অলিম্পিক প্রতিযোগিতায় ভাল ফলাফল করেছে।**

*********************************************

**BJP Namo Yuba Yatra-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের যুবাদের সঙ্গে নিয়ে ২০৪৭ সালের মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির স্বপ্নের বিকশিত ভারতের দিকে এগিয়ে চলছে রাজ্য সরকার। আজ আগরতলায় নমো যুব যাত্রার সমাপন সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। এই ঐতিহাসিক নমো যুব যাত্রা রাজ্যের

যুবাদের নতুনভাবে অনুপ্রাণিত করেছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন,

##########Byte#########

সমাবেশে বক্তব্য রাখেন প্রদেশ বিজেপি সভাপতি ও সাংসদ রাজীব ভট্টাচার্য, প্রদেশ যুব মোর্চার সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব, রাজ্য প্রভারী ডঃ রাজদীপ রায়, বিজেপির সাধারণ সম্পাদক ভগবান চন্দ্র দাস প্রমুখ। উল্লেখ্য প্রদেশ যুব মোর্চার নমো যুব যাত্রা গত ২০শে নভেম্বর সাব্রুম থেকে শুরু হয়ে রাজ্যের ১০টি সাংগঠনিক জেলা পরিক্রমার পর আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে এসে শেষ হয়। এর আগে আগরতলার এলবার্ট এক্কা পার্কের সামনে থেকে একটি বাইক র‍্যালী শুরু হয়। র‍্যালীর অগ্রভাগে ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, প্রদেশ বিজেপি যুব মোর্চার সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব প্রমুখ।

*****************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে ভারতের প্রতিরক্ষা সক্ষমতা বিশ্বের নজর কেড়েছে। ওয়েলিংটন উটির ডিফেন্স সার্ভিস স্টাফ ট্রেনিং কলেজে বক্তৃতা দেওয়ার সময় তিনি আরো বলেন ভারতীয় প্রতিরক্ষা বাহিনী সমস্ত ক্ষেত্রে একটি শক্তিশালী মহিলা বাহিনী পেয়ে গর্বিত। ভারত আন্তর্জাতিক শান্তির পক্ষে দাঁড়িয়েছে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, সশস্ত্র বাহিনীকে ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত রাখতে ভারত স্বদেশীকরণ এবং আত্মনির্ভরতার দিকে এগিয়ে যাচ্ছে। সশস্ত্র বাহিনীতে মহিলাদের আরো বেশি সংখ্যায় যোগদানের আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি। তিনি বলেন,

#########Byte########

******************************

**Fishery Minister :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস জানিয়েছেন, রাজ্যকে মৎস্য উৎপাদনে স্বনির্ভর করতে রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে। এই লক্ষ্যে রাজ্যের মৎস্যচাষিদের বিভিন্ন প্রকল্পে সহায়তা দেওয়া হচ্ছে। তাছাড়াও রাজ্যে মৎস্য চাষের এলাকা সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে। আজ সুকান্ত একাডেমির অডিটোরিয়ামে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক মৎস্যচাষিদের মধ্যে বিভিন্ন প্রকল্পে সহায়তা প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মৎস্যমন্ত্রী বলেন, রাজ্যে এখন প্রায় ৩২ হাজার মেট্রিকটন মাছের চাহিদা রয়েছে। বহিরাজ্য থেকে চাহিদা অনুযায়ী মাছ আমদানি করতে হচ্ছে।

তিনি আশা প্রকাশ করেন এই সহায়তা নিয়ে মৎস্যচাষিরা স্বনির্ভর হয়ে উঠবেন। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় রাজ্যের মৎস্যচাষিদের মাছ বাজারজাতকরণ ও সংরক্ষণের জন্য ভর্তুকিমূল্যে আইস বক্স সহ ৩ চাকা ও ৪ চাকার গাড়ি দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে পৌরহিত্য করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী।

*****************************

**ESIC :**

শ্রমিক কর্মচারীদের সামাজিক সুরক্ষা দেবার লক্ষ্যে এবং তাদের স্বাস্থ্য বিষয়ক ও চিকিৎসা পরিচর্যা সুনিশ্চিত করতে কেন্দ্রীয় সরকার অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করছে। সরকারের এ প্রয়াস শ্রমশক্তিকে আরও বেশি উৎপাদনমুখী করে তুলবে এবং এটা বিকশিত ভারতের লক্ষ্যে কাজ করছে। কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ডক্টর মনসুখ মান্ডাভিয়ার নির্দেশনায় কর্মচারী রাষ্ট্রীয় বীমা নিগম বা ESIC শ্রমিক সম্প্রদায় এবং তাদের উপর নির্ভরশীল পারিবারিক সদস্যদের আরো বিস্তৃতভাবে স্বাস্থ্য পরিচর্যার সুযোগ সুবিধা প্রদানের সংস্থান করতে আয়ুষ্মান ভারত - প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার সঙ্গে অভিন্নতা বজায় রেখে একযোগে কাজ

করছে। এই উদ্যোগের মাধ্যমে ১৪ কোটি ৪৩ লক্ষ ইএসআইসি সুবিধাভোগী এবং তাদের পরিবার উপকৃত হবে।

**************************

**ADC :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ খুমুলুং-এ এডিসি-র বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী পরিদর্শন করেন। পরিদর্শনকালে তাঁর সঙ্গে ছিলেন এডিসি'র মুখ্য নির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া, স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই।

*************************

**India-Bangladesh :**

বাংলাদেশে হিন্দু সহ সমস্ত সম্প্রদায়ের নিরাপত্তা সুনিশ্চিত করতে এবং তাদের ধর্মীয় স্থানগুলি সুরক্ষার জন্য ভারত সরকার/বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং আজ রাজ্যসভায় একথা জানান। তিনি জানান, সে দেশে সংখ্যালঘু সহ সকল নাগরিকের জীবন-সম্পত্তি ও অধিকার রক্ষার প্রাথমিক দায়িত্ব বাংলাদেশ সরকারের।

*********************

**BSF Raising celebration :**

BSF এর ৬০তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বিএসএফের পক্ষ থেকে রাজ্য জুড়ে নানা কর্মসূচীর আয়োজন করা হয়েছে। এই উপলক্ষে রাজ্যের বিভিন্ন স্কুলের ছাত্র ছাত্রীদের নিয়ে আন্তর্জাতিক সীমান্ত পরিদর্শন, আলোচনা সভা, বিএসএফের ব্যবহৃত অস্ত্রশস্ত্র প্রদর্শনের আয়োজন করা হয়েছে। আজ ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে এ ধরনের এক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গঙ্গা প্রসাদ প্রসেইন ও বিএসএফ আধিকারিকগণ। সীমান্তে বি.এস.এফ কিভাবে প্রহরা দেয় সে বিষয়ে একটি ভিডিও প্রদর্শিত হয়। প্রধান

অতিথি উপাচার্য অধ্যাপক গঙ্গা প্রসাদ প্রসেইন, বি এস এফ-এর কাজকর্মের প্রশংসা করেন। বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ারের ডেপুটি কমান্ডেন্ট দেবদত্ত বংশিবর বলেন, বিএসএফ-এর প্রতি ছাত্রছাত্রী ও তরুন সমাজের আগ্রহ বৃদ্ধি করার উদ্দেশ্যে এই ধরনের উদ্যোগ।

*************************

**Training-Unakoti :**

ঊনকোটি জেলার কুমারঘাটের পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে আজ এক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এখানে উত্তর ত্রিপুরা এবং ঊনকোটি জেলার পঞ্চায়েতগুলি থেকে প্রধান-উপ-প্রধান সহ পঞ্চায়েতের সংগে যুক্ত সরকারী আধিকারিকরা অংশ নেন। গ্রামীণ আ-জীবিকা মিশন ও স্ব-সহায়ক দলগুলোর সংগে পঞ্চায়েতের সম্পর্ক আরো নিবিড় করার লক্ষ্যে এবং গ্রাম উন্নয়নের সঠিক পরিকল্পনা স্থির করতে এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন। আজকের কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। তিনি বলেন, ভারত সরকারের পঞ্চায়েতীরাজ মন্ত্রকের নির্দেশিকা অনুসারে দেশব্যাপী জন পরিকল্পনা অভিযান চলছে। গ্রামীণ এলাকার উন্নয়ন পরিকল্পনায় স্ব-সহায়কদলগুলির মধ্যে নিবিড়তার লক্ষ্যে এধরনের কর্মসূচি খুবই গুরুত্বপূর্ণ। বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার জেলা পঞ্চায়েত আধিকারিক ডেভিড এল, হালাম।

****************************

**Press Meet-DM Khowai :**

খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, খোয়াই জেলার বিদ্যাজ্যোতি স্কুলগুলোকে নিয়ে বিদ্যা ফেস্টের আয়োজন করা হয়েছে। এই বিদ্যা ফেস্টে বিদ্যাজ্যোতি স্কুলের ছাত্রছাত্রীদের মধ্যে প্রতিযোগিতামূলক অনুষ্ঠান

অনুষ্ঠিত হবে। বিজ্ঞান প্রযুক্তি ও বন মন্ত্রী অনিমেষ দেববর্মা আগামীকাল সকাল ১১টায় খোয়াই নতুন টাউন হলে বিদ্যা ফেস্ট অনুষ্ঠানের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন পদ্মশ্রী জিমন্যাস্ট দীপা কর্মকার। দোসরা ডিসেম্বর তেলিয়ামুড়া টাউন হলে বিদ্যা ফেস্টের সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু।

*****************************

**Traffic-Sepahijala :**

পরিবহণ দপ্তরের পক্ষ থেকে সিপাহীজলা জেলা ট্রাফিক শাখাকে বিশেষ গাড়ি প্রদান করা হয়েছে। যা ব্যবহার করে যানবাহন চালনায় নিয়ম ভঙ্গকারীদের বিরুদ্ধে খুব দ্রুত ব্যবস্থা নেওয়া যাবে। ইতিমধ্যে এই জেলার ট্রাফিক ইউনিটের কর্মীরা এই বিশেষ গাড়ির সাহায্যে অভিযান শুরু করেছে। প্রতিদিন যেভাবে যান দুর্ঘটনা বেড়ে চলছে তাতে কিছুটা লাগাম টানার জন্যই সরকারের এই উদ্যোগ। এই ভ্যানটিতে রয়েছে অত্যাধুনিক মানের ২টি ক্যামেরা। তিন কিলোমিটার পর্যন্ত দূরত্ব এই শক্তিশালী ক্যামেরাগুলির আওতায় রয়েছে। ভেতরে থাকা কম্পিউটারে আধুনিক সফটওয়্যারের মাধ্যমে ট্রাফিক নিয়ম ভঙ্গকারীকে সঙ্গে সঙ্গেই প্রদান করা যায় ই-চালান। এই গাড়িটি ব্যবহার করে ওভার স্পীড, ওভার লোডিং, ওভার টেকিং, যান চালানোর সময় মোবাইল ফোনের ব্যবহার সহ ট্রাফিক নিয়ম লঙঘনের মতো আরো বিভিন্ন বিষয় চিহ্নিত করা যায় বলে জানিয়েছেন সিপাহীজলা জেলা ট্র্যাফিক ইউনিটে কর্মরত কনস্টেবল শ্রীকান্ত দেবনাথ। এই আধুনিক প্রযুক্তি সমন্বিত গাড়িটি পরিচালনার জন্য তাদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে বলেও জানিয়েছেন তিনি।

*************************

**Exhibition-Kailashahar :**

কৈলাশহরের নেতাজি বিদ্যাপীঠ ইংরেজি মাধ্যম বিদ্যালয়ে আজ বিদ্যালয়ভিত্তিক "বাল বৈজ্ঞানিক প্রর্দশনী" অনুষ্ঠিত হয়। ছাত্র-ছাত্রীদের বিজ্ঞানমনস্কতা, সৃজনশীলতা ও উদ্ভাবনী ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এই প্রদর্শনীর আয়োজন। এখানে প্রথম থেকে দ্বাদশ শ্রেণীতে পাঠরত ছাত্রছাত্রীরা এতে অংশ নেয়। সর্বমোট ৯২টি বিজ্ঞান মডেল এখানে প্রদর্শিত হয়। উপস্থিত ছিলেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, বিদ্যালয়ের অধ্যক্ষ অসিত দত্ত প্রমুখ।

***************************

**Red Run-Sabroom :**

মাইকেল মধুসূদন দত্ত কলেজ রেড রিবন ক্লাব ও জাতীয় সেবা প্রকল্পের যৌথ উদ্যোগে সিএমও, বিলোনিয়ার সহযোগিতায় আজ সাব্রুমে রেড রান ম্যারাথন দৌড়ের আয়োজন করা হয়। এই ম্যারাথন দৌড় এমএমডি কলেজের মূল ফটক থেকে শুরু হয়ে সাব্রুম মহকুমা হাসপাতাল প্রাঙ্গনে শেষ হয়। প্রতিযোগিতায় অংশ গ্রহণ করেন কলেজ এনএসএস ইউনিটের স্বেচ্ছা সেবক সহ অন্যান্য ছাত্রছাত্রীরা। অনুষ্ঠানের সূচনা করেন কলেজের অধ্যক্ষ ড. অনুপম গুহ।

***************************

**All Tripura Blind Committee :**

রাজ্যের দৃষ্টিহীন অ্যাথলেটিক্সরা গুয়াহাটি আন্তর্জাতিক স্টেডিয়ামে অনুষ্ঠিত জাতীয় প্যারা অলিম্পিক প্রতিযোগিতায় ভাল ফলাফল করেছে। আজ অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির সাধারন সম্পাদক সহদেব সাহা জানান, গত ২৭শে নভেম্বর থেকে ২৯শে নভেম্বর পর্যন্ত আয়োজিত প্রতিযোগিতায় রাজ্যের পাঁচজন দৃষ্টিহীন অ্যাথলেটিক্স খেলোয়াড় অংশ নিয়েছেন। তাদের মধ্যে মোহম্মদ আমজাদ হোসেন ১০০, ৪০০ ও ১৫০০ মিটার দৌড়ে সবকটি বিভাগে স্বর্ণ পদক পেয়েছেন। অপর অ্যাথলেট সুশান্ত নম ১০০

মিটার দৌড়ে স্বর্ণ পদক ও শট পুটে রৌপ্য পদক লাভ করেন। আজ রাতে সুশান্ত নম ২০০ মিটারে দৌড়ে অংশ নেবেন।

***************************

**Cooch Behar Trophy :**

ত্রিপুরা ও অরুণাচল প্রদেশের মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেট প্রতিযোগিতার চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে অরুণাচল প্রদেশ প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৭৫ রান করে। জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে লিড নিয়ে দিনের শেষে ৫ উইকেট হারিয়ে ২২১ রান করে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৫ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস।

***************************